গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা।

স্মারক নং পিডি/পিএন্ডএস-২/২০০৮/১০৭০(৬৬) তারিখঃ ৩১-৭-২০০৮ ইং

প্রেরক ঃ কারা মহা পরিদর্শক
বাংলাদেশ, ঢাকা

প্রাপক ঃ ১। সিনিয়র তত্ত্বাবধায়ক
সকল কেন্দ্রীয় কারাগার

২। তত্ত্বাবধায়ক
সকল জেলা কারাগার

বিষয় ঃ **সুষ্ঠুভাবে বন্দীদের মধ্যে খাদ্য বিতরণের জন্য Food Member নিয়োগ প্রসংগে**

১। লক্ষ্য করা যায়, কোন কোন কারাগারে বন্দীদের মাঝে খাদ্যদ্রব্য বন্টনে অনিয়ম হচ্ছে। খাবার বন্টনে নিয়োজিত কিছু বন্দী (জলভরি, মেট, পাহারা ইত্যাদি) ওয়ার্ডের অন্যান্যের মাঝে বিতরণের নামে পানির জগ, মগ বা ছোট বালতিতে মাছ/মাংস ভর্তি করে বন্দীদের মাঝে সমবন্টনের পরিবর্তে অনিয়ম/দুর্নীতি করছে। আবার অনেক সময় সংগত কারণেই প্রাথমিক বন্টনের পর কিছু খাদ্য দ্রব্য উদ্বৃত্ত হয়, যা এক ধরনের সুবিধাভোগীরাই ভোগ করে থাকে। ইহাও এক ধরনের বড় অনিয়ম। এখন থেকে সকল কারা কর্তৃপক্ষ বন্দীদের মাঝে রন্ধনকৃত খাদ্যের সুষ্ঠু বন্টন নিশ্চিত করার জন্য নিম্নের ব্যবস্থা গ্রহণ করবেন ঃ

ক। প্রতি বন্দী ওয়ার্ড থেকে কমপক্ষে ০৩ জন সদস্য নিয়ে ফুড মেম্বার কমিটি নিয়োগ করতে হবে। এই ফুড মেম্বারদের উপস্থিতিতে নির্দিষ্ট ওয়ার্ডের শতভাগ খাবার বিতরণ করতে হবে ;

খ। ফুড মেম্বারগণ বিদ্যমান সকল নিয়মকানুনের আওতায় প্রত্যহ রান্না করা খাদ্যদ্রব্যের প্রাপ্য অংশ বুঝে নিবেন এবং সকল ওয়ার্ডের খাবার বন্টনের পর অবশিষ্ট থাকলে তা পর্যায়ক্রমে নিজস্ব ওয়ার্ডের বন্দীদের মাঝে বন্টন নিশ্চিত করবেন। সেলসমূহের খাবার বন্টনের জন্যও সুবিধাজনক ওয়ার্ড বা সেল থেকে ফুড মেম্বারদের নিয়োগ দিতে হবে ;

গ। এই ফুড মেম্বাররা সাধারণতঃ ০১ (এক) মাসের জন্য নিয়োগপ্রাপ্ত হবেন, তবে তাদের কার্যক্রম সন্তোষজনক না হলে তাদের যে কোন মুহূর্তেই প্রত্যাহার করা যেতে পারে এবং নির্দিষ্ট সময়ের পূর্বে প্রত্যাহারের ক্ষেত্রে সংশ্লিষ্ট বন্দীর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।

২। পত্র প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যেই প্রতি ওয়ার্ডের জন্য ০১ টি করে পৃথকভাবে ফুড মেম্বার কমিটি এবং সুবিধাজনক কয়েকটি সেলের জন্য ০১টি করে একই কমিটি গঠন করতে হবেঃ অতঃপর এদের উপস্থিতিতেই সকল বেলার রন্ধনকৃত খাবারের বিতরণ নিশ্চিত করতে হবে।

৩। আগামী ২০ আগস্ট ০৮ তারিখের মধ্যে সকল ডিভিশন সদর এতদঃপত্রের নির্দেশানুযায়ী ফুড মেম্বার কমিটি গঠনপূর্বক তাদের আওতাধীন সকল কারাগারে খাবার বিতরণ হচ্ছে এবং খাবার বিতরণে কোন রকম অনিয়মতা হচ্ছে না মর্মে অত্র দপ্তরে লিখিত প্রতিবেদন দাখিল করবেন।

৪। সংশ্লিষ্ট সকলের পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হল।

৩১/০৭/০৮
(মোঃ আলতাব হোসেন)
সহকারী কারা মহা পরিদর্শক (উন্নয়ন)
পক্ষে-কারা মহা পরিদর্শক।

স্মারক নং পিডি/পিএন্ডএস-২/২০০৮/১০৭০(৬৬)/১(৪) তারিখঃ ৩১-৭-২০০৮ ইং

অনুলিপি অবগতির জন্য কারা উপ-মহা পরিদর্শক, সকল বিভাগ, সকল বিভাগীয় দপ্তর বরাবরে প্রেরণ করা হল।

৩১/০৭/০৮
(মোঃ আলতাব হোসেন)
সহকারী কারা মহা পরিদর্শক (উন্নয়ন)
পক্ষে-কারা মহা পরিদর্শক।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা।

স্মারক নং পিডি/অডিট-১৮/২০০৭/২২৫ (৬৬) তারিখঃ- ২২/৫/২০০৭ ইং।

প্রেরকঃ- কারা মহা পরিদর্শক,
বাংলাদেশ, ঢাকা।

প্রাপকঃ- সিনিয়র তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

বিষয়ঃ- মাছ, খাসী ও ছাগীর মাংসের সাথে সাথে উহার বিকল্প হিসাবে কারাগারে গো-মাংস সরবরাহ প্রসংগে।

বরাতঃ- ১। স্মারক নং পিডি/এমডি-৪(২)/৯০/৫৯৮(৭৫) তারিখ- ৮/৭/১৯৯০ ইং।
২। স্মারক নং পিডি/অডিট/টি,এ-১/২০০১/১৮৬(৬৪) তারিখ- ২৩/৪/২০০১ ইং।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বরাতোক্ত স্মারক ২(দুই) এতদ্বারা স্থগিত করা হল।

এখন থেকে সরকারের আর্থিক সাশ্রয়ের দিকে লক্ষ্য রেখে বন্দীদের প্রাপ্যতা অনুযায়ী দৈনিক ভিত্তিতে মাছ/মাংস সরবরাহ নেয়ার জন্য বলা হলো। বর্তমান বাজারে গো-মাংসের অপ্রতুলতা, সরকারের আর্থিক সাশ্রয় এবং বন্দীদের রুচি পরিবর্তনের কথা বিবেচনা করে মাছ ও মাংস ২:১ হারে অর্থাৎ ২(দুই) দিন মাছ এবং ১(এক) দিন মাংস ( গরু, খাসী ও ছাগী) সরবরাহ নেয়া যেতে পারে। এই হারে মাসে সর্বোচ্চ ৬ (ছয়) দিন গো-মাংস, ২(দুই) দিন খাসীর মাংস, ২(দুই) দিন ছাগীর মাংস এবং অবশিষ্ট ২০/২১ (বিশ বা একুশ) দিন অনুমোদিত মাছসমূহ পর্যায়ক্রমে সরবরাহ নেয়া যেতে পারে।

এ আদেশ অনতিবিলম্বে কার্যকর হবে। অত্র স্মারকটির প্রাপ্তি স্বীকার করার জন্য বলা হলো।

২২/৫/০৭
মোঃ সিরাজুল করিম
কর্ণেল
অতিরিক্ত কারা মহা পরিদর্শক
পক্ষে- কারা মহা পরিদর্শক।

স্মারক নং পিডি/অডিট-১৮/২০০৭/২২৫(৬৬)/১(১৬) তারিখঃ- ২২/৫/২০০৭ ইং।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হল ঃ-

১। সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
( দৃঃ আঃ যুগ্ম সচিব, প্রশাসন )।

২। কারা উপ-মহা পরিদর্শক, সকল বিভাগ।

৩। সহকারী কারা মহা পরিদর্শক(সকল), কারা অধিদপ্তর, ঢাকা।

৪। ভারপ্রাপ্ত সহকারী,______________ শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কারা অধিদপ্তর**
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র সংখ্যা-৪৪.০৭.০০০০.০৩০.১৪.০০১.১৪-৪৭৫(৭৫)

তারিখঃ ২১ বৈশাখ'১৪২১ বঙ্গাব্দ / ০৪ মে'২০১৪ খ্রিস্টাব্দ

বিষয় ঃ **পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও বিধিমালা, ২০০৮ মোতাবেক ডাল, খাদ্যদ্রব্যসহ বিবিধ দ্রব্য সরবরাহে দরপত্র প্রক্রিয়া অনুসরণ ও কার্যক্রম গ্রহণ প্রসঙ্গে।**

সূত্র ঃ কারা অধিদপ্তরের স্মারক নং-৪৪.০৭.০০০০.০৩০.১৪.০০১.১৪-৩০৯(৭৫) তারিখঃ ১৯/০৩/২০১৪ খ্রিঃ।

১। সূত্রস্থ স্মারকের অনুক্রমিকে উল্লেখ করা যাচ্ছে যে, কারাগারের বিভিন্ন দরপত্রে ঠিকাদার কর্তৃক অনেক ক্ষেত্রেই প্রাক্কলিত বাজার দর অপেক্ষা কম দর/অসামঞ্জস্যপূর্ণ দর প্রস্তাব করা হয়ে থাকে। উক্ত দর গৃহীত হলে সংশ্লিষ্ট ঠিকাদার সঠিকভাবে মালামাল সরবরাহ করেন না মর্মে বিভিন্ন কারাগার হতে অভিযোগ পাওয়া যায়। আবার দরপত্র মূল্যায়ন কমিটি এই অসামঞ্জস্যপূর্ণ দর সম্পর্কে দরপত্র মূল্যায়ন কমিটির সভার কার্যবিবরণীতে কোন মন্তব্য প্রদান করেন না। ফলে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধি ২৭(২) ও তফসিল-২ মোতাবেক কার্যক্রম গ্রহন করা সম্ভব হয় না।

২। অতএব, এখন হতে দরপত্র প্রক্রিয়ায় পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ মোতাবেক নিম্নরূপ কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলোঃ

(ক) ঠিকাদার কর্তৃক প্রাক্কলিত বাজার দর অপেক্ষা অনেক কম দর/অসামঞ্জস্যপূর্ণ দর প্রস্তাব করা হলে দরপত্রে ভারসাম্যহীনতার সৃষ্টি হয়েছে মর্মে দরপত্র মূল্যায়ন কমিটি অবশ্যই দরপত্রের কার্যবিবরণীতে উল্লেখ করবেন এবং উদ্ধৃত দরে ঠিকাদার মালামাল সরবরাহ দিতে সক্ষম কিনা সে বিষয়ে লিখিত মতামত গ্রহণ করে নথিতে সংরক্ষণসহ কারা অধিদপ্তরকে অবহিত করবেন।

(খ) প্রাক্কলিত বাজার দর অপেক্ষা অনেক কম দর/অসামঞ্জস্য দরে দরপত্র গৃহীত হওয়ার পর কারা কর্তৃপক্ষ চুক্তি সম্পাদনের নোটিশ (Notification Award) জারির সময় পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ২৭(২) ও তফসিল-২ মোতাবেক চুক্তি মূল্যের সর্বাধিক ২৫% (শতকরা পচিঁশ ভাগ) হারে কার্য সম্পাদন জামানত (Performance Security) দাখিলের জন্য ঠিকাদারদের নির্দেশ প্রদান করবেন।

মোহাম্মদ ইফতিখারুল ইসলাম
কর্ণেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক।
ফোন-৭৩০০২২২(দপ্তর)।

সিনিয়র জেল সুপার/জেল সুপার
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

**অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ**

কারা উপ-মহাপরিদর্শক
সকল বিভাগ
সকল সদর দপ্তর।

D:\OTHERS- Folder\Circular-14.001.doc

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-খাদুব্যম/সর-১/ইপি-৩/৯৬/ ৮৫ তারিখ : ১৬/০৩/২০০৮ ইং।

বিষয় : জেল কোড অনুযায়ী কারাবন্দীদের দু'বেলা ভাত প্রদান প্রসঙ্গে।

সূত্র : (ক) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ০১/১১/০৭ তারিখের ১০৬২ নং স্মারক।
(খ) খাদ্য অধিদপ্তরের ১৪/২/০৮ তারিখের সববি/জেলকর্মচারী/কয়েদী-১৬/২০০০/১১৫ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত পত্রের আলোকে কারাবন্দীদের সকালে ০১ বেলা রুটি, দুপুর ও রাতে দু'বেলা ভাত দেয়ার লক্ষ্যে স্থানীয় কারা কর্তৃপক্ষকে চাহিদা মোতাবেক গমের পরিবর্তে চাল সরবরাহ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

( সালাহ উদ্দিন মাহমুদ )
উপ-সচিব, সরবরাহ-১)।

মহাপরিচালক,
খাদ্য অধিদপ্তর,
১৬, আবদুল গণি রোড, ঢাকা।

নং-খাদুব্যম/সর-১/ইপি-৩/৯৬/ ৮৫/২(৭) তারিখ : ১৬/০৩/২০০৮ ইং।

কার্যার্থে অনুলিপি :

১। সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব , জেলা শাখা-১)।
২। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।

১৬.০৩.০৮
( সালাহ উদ্দিন মাহমুদ )
উপ-সচিব, সরবরাহ-১)।

কারা অধিদপ্তর, ঢাকা।

স্মারক সংখ্যা পিডি/পিএন্ডএস-৪(২)/দু'বেলা ভাত/২০০৮/৩৯৫(২০০) তারিখ: ২০-৩-২০০৮ খ্রিঃ

অনুলিপি অবগতি ও উপরোক্ত নির্দেশ মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলঃ

১। কারা উপ মহা পরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
৩। সিনিয়র তত্ত্বাবধায়ক, সকল কেন্দ্রীয় কারাগার।
৪। সহকারী কারা মহা পরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৫। তত্ত্বাবধায়ক, সকল জেলা কারাগার।
৬। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সকল জেলা।
৭। জেলা খাদ্য নিয়ন্ত্রক, সকল জেলা।

২০/৩/০৮
(মোঃ আ[illegible] হোসেন)
সহকারী কারা মহা পরিদর্শক (উন্নয়ন)
পক্ষে কারা মহা পরিদর্শক।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
কারা শাখা-২।

নং-স্বঃমঃ(কারা-২)বিবিধ-২০/২০০৮/ তারিখঃ ১৫/০৩/২০১২

প্রাপক : প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : **বিশেষ দিবস/উৎসব উপলক্ষে বন্দীদের উন্নতমানের খাবার সরবরাহের হার বৃদ্ধি প্রসঙ্গে।**

জনাব,

আদিষ্ট হয়ে কারাগারে আটক বন্দীদের বিশেষ দিবস/উৎসব উপলক্ষে উন্নতমানের খাবার সরবরাহের বর্তমান হার জনপ্রতি ১০/- টাকা হতে ৩০/- টাকায় বৃদ্ধি করণের সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি।

২। এ ব্যয় কারা অধিদপ্তরের "১-২২৫১-০০১০-৪৮৯১ খোরাকী" খাত হতে মিটানো হবে।

৩। অর্থ বিভাগের সম্মতিক্রমে এ আদেশ জারী করা হ'ল।

আপনার একান্ত,
১৫.০৩.২০১২
(সাঈদ মাহমুদ বেলাল হায়দর)
উপসচিব
ফোনঃ ৭১৭১৭০৩।

নং-স্বঃমঃ(কারা-২)বিবিধ-২০/২০০৮/ তারিখঃ ১৫/০৩/২০১২

অনুলিপি উপসচিব, প্রবিধি-৩ অধিশাখা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর নিকট প্রেরণ পূর্বক অত্র আদেশটি পৃষ্ঠাংকন করে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং সচিব স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল।

১৫.০৩.২০১২
(সাঈদ মাহমুদ বেলাল হায়দর)
উপসচিব
ফোনঃ ৭১৭১৭০৩।

নং-০৭.০০.০০০০.১৭৩.৪৪.০০৯.১২-২ তারিখঃ /০৩/২০১২

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা এবং সচিব স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকাকে দেয়া হলো। এতে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সম্মতি রয়েছে।

(উপসচিব)
প্রবিধি-৩ অধিশাখা, প্রবিধি অনুবিভাগ,
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

নং-স্বঃমঃ(কারা-২)বিবিধ-২০/২০০৮/ তারিখঃ ১৫/০৩/২০১২

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১। কারা মহা পরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
২। সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা-৬, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

১৫.০৩.২০১২
(সাঈদ মাহমুদ বেলাল হায়দর)
উপসচিব
ফোনঃ ৭১৭১৭০৩।

**কারা অধিদপ্তর, ঢাকা।**

পত্র নং-৪৪.০৭.০০০০.০২৭.০২.০০৬.১২- ৬৩৬ (৭২) তারিখ : ২১-৩-২০১২ খ্রিঃ

অনুলিপি অবগতি ও মন্ত্রণালয়ের নির্দেশনানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল।

১। সিনিয়র জেল সুপার
সকল কেন্দ্রীয় কারাগার।

২। জেল সুপার
সকল জেলা কারাগার।

২১/৩/১২
(মোঃ কামাল হোসেন)
সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন)
পক্ষে- কারা মহাপরিদর্শক।
ফোন-৭৩০০৪৬৬ (দপ্তর)।

জ্ঞাতার্থেঃ
কারা উপ মহাপরিদর্শক
সকল বিভাগ
সকল সদর দপ্তর।

ঢাকা কেন্দ্রীয় কারাগার ঢাকা
সিনিয়র জেল সুপার
তারিখ: ২৭/৮/০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়,
জেল শাখা-১।

নং-স্বঃমঃ১পি-১/২০০৩(জেল-১)-৮৯৬ তারিখ- ১০/৮/২০০৩ ইং।

বিষয় : বিচার সংশ্লেষে কারাগার থেকে বিভিন্ন আদালতে প্রেরিত বিচারাধীন বন্দীদের সরকারী ভাবে দুপুরের খাবার সরবরাহ প্রসংগে।

সূত্র : কারা অধিদপ্তরের স্মারক নং- পিডি/পরি-৯/২০০৩/১০২২, তাং- ০৯/৭/০৩ ইং।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেল কোড এর বিধান অনুযায়ী আদালতগামী বন্দীদেরকে খাবার সরবরাহ নিশ্চিত করার জন্য এবং এ ব্যাপারে যাতে কোন ব্যত্যয় না ঘটে সেদিকে খেয়াল রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

স্বাঃ
(কামরুন নাহার খানম)
সিনিয়র সহকারী সচিব
ফোন নং- ৭১৬০৫৩৭।

কারা মহা পরিদর্শক
কারা অধিদপ্তর,
ঢাকা।

কারা অধিদপ্তর,
ঢাকা।

স্মারক নং- পিডি/পরি-৯/২০০৩/৯২৮৮ (৬৯) তারিখ- ২৪ /আগষ্ট/২০০৩ ইং।

অনুলিপি অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

১। কারা- উপ- মহা পরিদর্শক, সকল বিভাগ, সকল বিভাগীয় দপ্তর।

২। সিনিয়র সুপার/ সুপার সকল কেন্দ্রীয়/ জেলা কারাগার।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপরোল্লিখিত নির্দেশানুযায়ী বিষয়োক্ত ব্যাপারে যথাযথ ব্যবস্থা নিশ্চিত করার জন্য বলা হলো।

28/8/03
মোঃ সিরাজুল করিম
কর্ণেল
অতিরিক্ত কারা মহা পরিদর্শক,
পক্ষে- কারা মহা পরিদর্শক।

এ,আলী/
তাং- ২৩/০৮/২০০৩ ইং।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা।

স্মারক নং পিডি/পি এন্ড এস-৪(২)/২০০৭/১২১০ (৬৬) তারিখঃ-০৬/১০/২০০৭ ইং

প্রেরকঃ- কারা মহা পরিদর্শক,
বাংলাদেশ, ঢাকা।

প্রাপকঃ- ১। সিনিয়র তত্ত্বাবধায়ক,
সকল কেন্দ্রীয় কারাগার।

২। তত্ত্বাবধায়ক,
সকল জেলা কারাগার।

বিষয়ঃ- কারা বন্দীদের মান সম্মত খাদ্যদ্রব্য সরবরাহ নিশ্চিত করণ প্রসংগে।

১। অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি কোন একটি কারাগারে কারা বন্দীদের ইফতারীর জন্য তৈরীকৃত ডালের বড়ায় খাবার সোডার পরিবর্তে ব্লিচিং পাউডার মেশানো হয়েছে, যা তাৎক্ষনিকভাবে ধরে ফেলা হয়। ব্লিচিং পাউডার একটি রাসায়নিক দ্রব্য; যা জনস্বাস্হ্যের তথা মানব দেহের জন্য মারাত্মক ক্ষতিকর। এ ধরণের রাসায়নিক দ্রব্য খাদ্য দ্রব্যের সাথে মেশানো কারা বিধি বিধানের পরিপন্থী এবং অনাকাংখিত।

২। এমতাবস্হায়, কারা বন্দীদের ইফতারীসহ অন্যান্য খাবারে যাতে করে কখনই কেউ কোন ধরনের রাসায়নিক বা বিষাক্ত দ্রব্য মিশানোর সুযোগ না পায় এবং সর্বদাই বন্দীদের মান সম্মত খাদ্য সামগ্রী সরবরাহ করা হয়; সেদিকে সতর্ক দৃষ্টি রাখার জন্য বলা হ'ল। এ ধরণের কোন অভিযোগ পরবর্তীতে পাওয়া গেলে দায়ী কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে কঠোর ব্যবস্হা গ্রহণ করা হবে।

(স্বাক্ষরিত) ৬/১০/০৭
( মোঃ আজমল হোসেন )
সহকারী কারা মহা পরিদর্শক (প্রশাসন)
পক্ষে-কারা মহা পরিদর্শক।

স্মারক নং পিডি/পিএন্ড এস-৪(২)/২০০৭/১২১০(৬৬)/১(৪) তারিখঃ-০৬/১০/২০০৭ ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :-

১। কারা উপ-মহা পরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর,। স্মারকের নির্দেশিত বিষয়টি তদারকির জন্য তাকে অনুরোধ করা হ'ল।

(স্বাক্ষরিত) ৬/১০/০৭
( মোঃ আজমল হোসেন )
সহকারী কারা মহা পরিদর্শক (প্রশাসন)
পক্ষে-কারা মহা পরিদর্শক।

খালেদ,
=====২*।

৪৬

খুলনা জেলা কারাগার
জেল সুপার
জেলার
টিকেট নং-৫৪৫ তাং-২৭/০৩/১৫
বিতরণকৃত শাখা :

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর,
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র সংখ্যা-৪৪.০৭.০০০০.০৩০.১৪.০০১.১৫-৬৪৬(৭৫) তারিখঃ ০৪ চৈত্র' ১৪২১ বঙ্গাব্দ / ১৮ মার্চ' ২০১৫ খ্রিঃ

বিষয় ঃ **মাসিক খাবার মেন্যু মোতাবেক ঠিকাদারদের স্টোর অর্ডার প্রদান এবং বন্দীদের খাদ্যদ্রব্য সরবরাহ নিশ্চিত করণ প্রসঙ্গে।**

সুত্র ঃ কারা অধিদপ্তরের স্মারক নং ৪৪.০৭.০০০০.০৩০.১৪.০০১.১৫-১৫৫(৭৫) তারিখ ঃ ০৯-০২-২০১৫ খ্রিঃ

বিভিন্ন কারাগার হতে প্রাপ্ত বন্দীদের মাসিক খাবার মেন্যু পর্যবেক্ষন করে ভিন্নতা পরিলক্ষিত হচ্ছে। মেন্যু পরিকল্পনায় সকল কারাগারের খাবার মেন্যুর মধ্যে মিল থাকা বাঞ্চনীয়। সুত্রস্থ স্মারকের মাধ্যমে বন্দীদের খাবার মেন্যুর যে পরিকল্পনা প্রদান করা হয়েছিল তা নিম্নরুপভাবে আংশিক পরিবর্তন করা হলো ঃ

ক) ইলিশ মাছের মূল্য অত্যাধিক বেশি হওয়ায় পহেলা বৈশাখ ছাড়া তা মেন্যুতে রাখা যাবেনা;

খ) মেন্যু পরিকল্পনায় একই সাথে দুই/তিন প্রকারের মাছ রাখা যাবেনা;

গ) খাসী/ছাগীর মাংস মাসে ০১(এক) দিন মেন্যুতে রাখতে হবে।

অতএব, খাসী/ছাগীর মাংস মাসে ০১(এক) দিন, ২১(একুশ) দিন যেকোন এক প্রকার মাছ এবং গরু/মুরগীর মাংস মাসের অন্যান্য দিনে সরবরাহের লক্ষ্যে মেন্যু প্রস্তুত পূর্বক সুত্রস্থ স্মারকের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৮/৩/২০১৫
(এ, কে, এম জহির উদ্দিন বাবর)
সহকারী কারা মহাপরিদর্শক(অর্থ)
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোন-৭৩০০৫১৪(দপ্তর)।

১। সিনিয়র জেল সুপার
সকল কেন্দ্রীয় কারাগার।

২। জেল সুপার
সকল জেলা কারাগার।

**জ্ঞাতার্থে অনুলিপি ঃ**

কারা উপ-মহাপরিদর্শক
সকল বিভাগ
সকল সদর দপ্তর।